

**AKASHVANI(AIR)  
RNU:KOLKATA  
BengaliText Bulletin**

**Date 09-12-2025**

**Time: 7.50 P.M.**

**বিশেষ বিশেষ খবর -**

১) ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী পর্বে কোনও ভোটার ভুয়ো নথি জমা দিলে তার বিরুদ্ধে কঠোর শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে বলে নির্বাচন কমিশন জানিয়েছে।

SIR প্রক্রিয়ায় নজরদারি আরও বাড়াতে রাজ্যের পাঁচটি ডিভিশনের জন্য নির্বাচন কমিশন নিযুক্ত স্পেশাল রোল অবজার্ভাররা আগামীকাল এরাজ্যে আসছেন।

২) পশ্চিমবঙ্গ সহ অন্যান্য রাজ্যে এস আই আর-এর কাজে নিযুক্ত বিএলওদের নিরাপত্তা নিয়ে কোন সমস্যা হলে অবিলম্বে তা শীর্ষ আদালতের নজরে আনার জন্য নির্বাচন কমিশনকে নির্দেশ দিয়েছে সুপ্রিম কোর্ট।

৩) শিক্ষাকর্মী নিয়োগের জন্য আবেদনের সময়সীমা ১২-ই ডিসেম্বর পর্যন্ত বাড়িয়েছে স্কুল সার্ভিস কমিশন।

৪) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ নতুন দিল্লিতে ২০২৩ ও ২০২৪ সালের জাতীয় হস্তশিল্প পুরস্কার প্রদান করেছেন। পশ্চিমবঙ্গ থেকে বেশ কয়েকজন এই পুরস্কার পেয়েছেন।

৫) খড়গপুর IIT এবং দুর্গাপুর NIT-তে চলছে স্মার্ট ইন্ডিয়া হ্যাকাথন ২০২৫ প্রতিযোগিতা।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী বা এস আই আর পর্বে কোনও ভোটার ভুয়ো নথি জমা দিলে তার বিরুদ্ধে কঠোর শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে বলে নির্বাচন কমিশন জানিয়েছে। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর ভারতীয় ন্যায় সংহিতার, সংশ্লিষ্ট ধারা উল্লেখ করে এই মর্মে আজ এক সতর্কবার্তা জারি করেছে। কমিশনের তরফে জানানো হয়েছে, এস আই আর চলাকালীন যদি কেউ ভুয়ো নথি বা জাল পরিচয়পত্র জমা দেন, তা গুরুতর অপরাধ হিসেবে গণ্য হবে। ভারতীয় ন্যায় সংহিতার ৩৩৭ নম্বর ধারায় বলা হয়েছে, আদালতের নথি, সরকারি পরিচয়পত্র, ভোটার কার্ড, আধার কার্ড, জন্ম-মৃত্যু বা বিবাহের নথি কিংবা কোনও সরকারি কর্মীর জারি করা শংসাপত্র জাল করলে সংশ্লিষ্ট ব্যক্তির সর্বোচ্চ সাত বছর পর্যন্ত কারাদণ্ড এবং জরিমানার হতে পারে।

নির্বাচন কমিশন জানিয়েছে এস আই আর-এর মাধ্যমে সম্পূর্ণ স্বচ্ছ ও ত্রুটিমুক্ত ভোটার তালিকা তৈরি করাই তাদের উদ্দেশ্য।

কমিশন সূত্রে আরও জানা গিয়েছে, ইতিমধ্যেই বিভিন্ন স্তরে নথি যাচাই প্রক্রিয়া জোরদার করা হয়েছে। আধার ডেটাবেস, জন্ম-মৃত্যু নথি এবং অন্যান্য সরকারি রেকর্ডের সঙ্গে মিলিয়ে প্রতিটি আবেদন খতিয়ে দেখা হচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

SIR প্রক্রিয়ায় নজরদারি আরও বাড়াতে পশ্চিমবঙ্গের ৫ টি ডিভিশনের জন্য নির্বাচন কমিশন নিযুক্ত Special Roll Observer আগামীকাল এরাজ্যে আসছেন। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়ালের পৌরহিত্যে কলকাতার Bengal Chamber of Commerce and Industry BCCI-তে আয়োজিত রাজ্যের SIR সংক্রান্ত এক পর্যালোচনা বৈঠকে ওই ৫ নবনিযুক্ত স্পেশাল Observer রা যোগ দেবেন। ওই বৈঠকে এরাজ্যের জন্য নিযুক্ত স্পেশাল রোল Observer সুব্রত গুপ্ত,

রাজ্যের অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক দিব্যেন্দু দাস, অরিন্দম নিয়োগী দপ্তরের শীর্ষ আধিকারিকরা উপস্থিত থাকবেন।

উল্লেখ্য, কেন্দ্রীয় সরকারের বিভিন্ন বিভাগে যুগ্ম সচিব পদমর্যাদায় কর্মরত ওই ঐ পাঁচ IAS আধিকারিককে নির্বাচন কমিশন এই পদে নিয়োগ করেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

পশ্চিমবঙ্গ সহ অন্যান্য রাজ্যে এস আই আর-এর কাজে নিযুক্ত বিএলওদের নিরাপত্তা নিয়ে কোন সমস্যা হলে অবিলম্বে তা শীর্ষ আদালতের নজরে আনার জন্য নির্বাচন কমিশনকে নির্দেশ দিয়েছে সুপ্রিম কোর্ট। প্রধান বিচারপতি সূর্যকান্ত এবং বিচারপতি জয়মাল্য বাগচির বেঞ্চ আজ বিএলওদের নিরাপত্তা সংক্রান্ত মামলার শুনানিতে জানিয়েছে, কোন সমস্যা হলে অবিলম্বে পদক্ষেপ গ্রহণ করতে হবে। পাশাপাশি বিএলওরা মুখ্য নির্বাচনী আধিকারিক এবং জেলা নির্বাচনী আধিকারিকদের কাছে অভিযোগ জানাতে পারবেন। চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ হওয়া পর্যন্ত রাজ্য পুলিশ অথবা কেন্দ্রীয় বাহিনীকে দিয়ে বিএলওদের নিরাপত্তার আবেদন জানিয়ে সর্বোচ্চ আদালতে মামলা দায়ের হয়।

শীর্ষ আদালত বিষয়টি নিয়ে নির্বাচন কমিশন এবং রাজ্যকে নোটিশ দিতে বলেছে। ১৭-ই ডিসেম্বরের মধ্যে উভয় পক্ষকে মতামত জানাতেও নির্দেশ দেওয়া হয়েছে।

এদিকে, অত্যধিক কাজের চাপে বিএলও-রা লাগাতার অসুস্থ হয়ে পড়েছেন, এই অভিযোগ তুলে তৃণমূল কংগ্রেস পন্থী বিএলও অধিকার রক্ষা কমিটি আজ কলকাতায় CEO অফিসের বাইরে বিক্ষেপ দেখায়।

০০০০০০০০০০০০০০০০০০০

এদিকে, লোকসভায় আজ নির্বাচনী সংস্কার নিয়ে আলোচনা চলছে। আলোচনায় অংশ নিয়ে আইন ও বিচারমন্ত্রী অর্জুন রাম মেঘওয়াল বলেন, কংগ্রেসের আমলে দেশে একাধিকবার ভোটার তালিকায় বিশেষ নীবিড় সংশোধনী এস আই আর হয়েছে, কিন্তু বর্তমানে বিরোধীরা এই প্রক্রিয়া নিয়ে প্রশ্ন তুলছেন। লোকসভায় বিরোধী নেতা রাহুল গান্ধী, ভুয়ো ভোটারের প্রসঙ্গ উত্থাপন করেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

যৌনকর্মী ও তাঁদের পরিবারের সদস্যদের এনুমারেশন ফর্ম পূরণে সহায়তা করতে এশিয়ার বৃহত্তম যৌনপল্লী সোনাগাছিতে আজ বিশেষ শিবিরের আয়োজন করে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর। কলকাতা পুরসভার ১৮ নম্বর ওয়ার্ডে আয়োজিত ওই শিবিরে উপস্থিত ছিলেন মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল। তিনি নিজে হাতে কয়েকজন যৌনকর্মীর এনুমারেশন ফর্ম পূরণ করে দেন।

শিবিরে উপস্থিত প্রান্তিক মানুষের উদ্দেশে মুখ্য নির্বাচনী আধিকারিক বলেন, নির্বাচন কমিশনের দেওয়া বিশেষ ক্ষমতা প্রয়োগ করে শুধু যৌনকর্মী নয়, অনাথ আশ্রম ও বৃক্ষাশ্রমে বসবাসকারী যোগ্য নাগরিকদের নামও ভোটার তালিকায় অন্তর্ভুক্ত করার জন্য একাধিক বিশেষ শিবির আয়োজন করা হবে। ১১ তারিখের মধ্যে রাজ্যে সব যোগ্য ভোটার যাতে এনুমারেশন প্রক্রিয়ার আওতায় আসেন সে বিষয়টি তাঁর দপ্তর নিশ্চিত করবে বলেও আশ্বাস দেন তিনি।

( বাইট - আগরওয়াল)

শিবির শুরুর আগে সেখানে যান রাজ্যের মন্ত্রী শশী পাঁজা। অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক, জেলা নির্বাচনী আধিকারিক, ইআরও এবং বুথ লেভেল আধিকারিকরাও সেখানে উপস্থিত ছিলেন।

০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য ভোটার তালিকায় বিশেষ নীবিড় সংশোধনীর কাজে যুক্ত বিএলওরা তাদের অভিজ্ঞতার কথা ভাগ করে নিয়েছেন আকাশবাণী সংবাদের সঙ্গে। পশ্চিম মেদিনীপুর থেকে আমাদের জেলা সংবাদদাতা সব্যসাচী লাহার একটি প্রতিবেদন।

(ভয়েসকাস্ট – সব্যসাচী)

০০০০০০০০০০০০০০০০০০

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ কোচবিহারের রাসমেলা ময়দানে এক জনসভায় ১০০ দিনের কাজের টাকা না পাওয়ায় ফের কেন্দ্রের বিরুদ্ধে সমালোচনায় সরব হন। এই প্রকল্পে টাকা খরচের ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার যে বেশ কয়েক দফা নির্দেশিকা জারি করেছে, তা তিনি মানতে রাজি নন বলে জানান। গত ৬ ডিসেম্বর সুপ্রিম কোর্ট কেন্দ্রীয় সরকারকে ১০০ দিনের কাজের টাকা প্রদান করার নির্দেশ দেয়। এরপর কেন্দ্রীয় সরকারের তরফে এক নির্দেশিকা জারি করে কয়েকটি শর্তের কথা বলা হয়, এর মধ্যে রয়েছে, একশো দিনের কাজ নিয়ে শ্রমদণ্ডকে তিন মাস অন্তর হিসাব দেওয়া এবং কর্মী প্রশিক্ষণ। এতো অল্প সময়ে এ কাজ করা সম্ভব নয় বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন।

এদিকে, এসআইআর প্রসঙ্গে তিনি সকলকে ফর্ম পূরণ করার জন্য আবেদন জানান। তবে, এসআইআরকে ভোট বন্দির প্রক্রিয়া বলেও মুখ্যমন্ত্রী এদিন কটাক্ষ করেন।

অন্যদিকে, মুখ্যমন্ত্রী নিজেই ১-শো দিনের কাজের আইনের বিরোধী ছিলেন বলে  
সমালোচনা করেছেন সিপিআইএম-এর কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্ৰবৰ্তী ।

( বাইট - সুজন)

০০০০০০০০০০০০০০০০০০০

ভোটার তালিকায় বিশেষ নীবড় সংশোধন এস আই আর প্রক্রিয়াকে মুখ্যমন্ত্রী এন  
আর সি-র নাম দিয়ে মানুষকে বিভান্ত করেছেন বলে বিজেপি অভিযোগ করেছে।  
কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে দলের রাজ্য সাধারণ সম্পাদক লকেট  
চট্টোপাধ্যায় বলেন এর আগে সংশোধিত নাগরিকত্ব আইন বা সিএএ নিয়ে একইভাবে  
তিনি মানুষের মধ্যে আতঙ্ক সৃষ্টি করেছিলেন। মৃত, ভুয়ো এবং অনুপ্রবেশকারীদের  
ভোটার তালিকায় অন্তর্ভুক্ত করার অভিসন্ধি নিয়ে মুখ্যমন্ত্রী এই কাজ করেছেন বলে তাঁর  
অভিযোগ।

০০০০০০০০০০০০০০০০০০০

শিক্ষাকর্মী নিয়োগের জন্য আবেদনের সময়সীমা ১২-ই ডিসেম্বর পর্যন্ত বাঢ়িয়েছে  
স্কুল সার্ভিস কমিশন। এই নিয়ে দ্বিতীয় বার সময়সীমা বাঢ়ানো হলো।  
গ্রুপ সি ও গ্রুপ ডি পদে গত তেশরা নভেম্বর থেকে অনলাইনে আবেদন পর্ব শুরু  
হয়েছে। এক্ষেত্রে অনলাইন পেজ খোলা, লগ ইন থেকে শুরু করে আবেদনের ফি জমা  
দেওয়া সহ একাধিক সমস্যা দেখা দিচ্ছে বলে চাকরি প্রার্থীরা অভিযোগ জানায়। বহু  
মানুষ এক সঙ্গে ফর্ম ফিলাপের চেষ্টা করাতেই এই বিপত্তি বলে এস এস সি  
জানিয়েছে।

উল্লেখ্য, গ্রুপ সি তে ২ হাজার ৯-শো ৮৯-টি এবং গ্রুপ ডি-তে ৫ হাজার ৪-শো  
৮৮টি শূন্য পদের জন্য নিয়োগ হবে।

০০০০০০০০০০০০০০০০০০০

২০২৫ সালের প্রাথমিক শিক্ষক নিয়োগের পরীক্ষায় ২০২৩-২৫ শিক্ষাবর্ষে ডিএলএড পাঠ্রতরা বসতে পারবেন না বলে জানিয়েছে কলকাতা হাইকোর্ট। বিচারপতি বিভাষ পটনায়কের বেঁধ আজ জানিয়েছেন, প্রাথমিক শিক্ষা পর্ষদ ২৫ সেপ্টেম্বর শিক্ষক নিয়োগের বিজ্ঞপ্তি জারি করে। ঐ তারিখের আগে যাদের ডিএলএড কোর্স সম্পন্ন হয়েছে একমাত্র তারাই পরীক্ষায় বসতে পারবেন। ২০২৩-২৫ শিক্ষাবর্ষের পড়ুয়াদের ডিএলএড পরীক্ষার ফলাফলই এখনো প্রকাশিত হয়নি। তাই এই নিয়োগ প্রক্রিয়ায় সুযোগ দেওয়ার জন্য তাদের আর্জি খারিজ করেছে আদালত।

০০০০০০০০০০০০০০০০০০০

রাষ্ট্রপতি দ্বৌপদী মুর্মু আজ নতুন দিল্লিতে ২০২৩ ও ২০২৪ সালের জাতীয় হস্তশিল্প পুরস্কার প্রদান করেছেন। অসাধারণ শিল্পকুশলতাকে স্বীকৃতি দানের পাশাপাশি ভারতের সমৃদ্ধ ও বৈচিত্র্যময় হস্তশিল্প ঐতিহ্য সংরক্ষণ ও প্রচারে সরকারের অঙ্গীকারকে তুলে ধরতেই এই পুরস্কার দেওয়া হয়ে থাকে।

২০২৩ ও ২০২৪ সালে মোট ১২ জন ‘শিল্প গুরু’ পুরস্কার পেয়েছেন। ৩৬ জন কার্তশিল্পীও জাতীয় পুরস্কারে সম্মানিত হয়েছেন। এর মধ্যে এরাজ্যেরও বেশ কয়েকজন প্রতিভাবান শিল্পী রয়েছেন। **একটি প্রতিবেদন-**

(ভয়েসকাস্ট – কাশফিন)

০০০০০০০০০০০০০০০০০০০

ডষ্ট্র অঞ্জলী চ্যাটার্জী রিজিওনাল রিসার্চ ইনসিটিউট ফর হোমিওপ্যাথি গবেষকরা, ক্যাম্পার নিরাময় সংক্রান্ত গবেষণায় সাফল্য লাভ করবে বলে প্রত্যয় ব্যক্ত করেছে। নতুন দিল্লিতে প্রথাগত ঔষধ সংক্রান্ত বিশ্ব স্বাস্থ্য সংস্থার দ্বিতীয় আন্তর্জাতিক সম্মেলনের প্রাক্কালে আজ কলকাতায় এক সাংবাদিক সম্মেলনে DACRRIH-এর গবেষকরা বলেন, ক্যাম্পার ঠেকাতে এবং কেমোর পার্শ্বপ্রতিক্রিয়া রোধের পাশাপাশি, যারা এই রোগের শেষ

পর্যায়ে এসে মৃত্যুর দিন গুণছেন তাদের আরো বেশ কিছুদিন বাঁচিয়ে রাখা এই গবেষণার লক্ষ্য।

DACRIIH এর সহকারী অধিকর্তা ডক্টর আরতি সোরেন জানান, আগামী ১৭ থেকে ১৯ ডিসেম্বর নতুন দিল্লির ভারতমন্ডপমে এই আন্তর্জাতিক সম্মেলনের আয়োজন করা হয়েছে। এবারের বিষয় হল বিজ্ঞান এবং স্বাস্থ্য ও সুস্থ থাকার অনুশীলনের মধ্যে ভারসাম্য। এই সম্মেলনে ১০০টিরও বেশি দেশ থেকে মন্ত্রী, নীতি নির্ধারক, চিকিৎসক, গবেষক প্রমুখরা অংশ নেবেন। ডক্টর আরতি সোরেন আরো জানিয়েছেন, এই বৈঠকে চিরাচরিত ঔষধ ব্যবহারের সাফল্যের প্রামাণ্য কেস স্টাডিও আলোচিত হবে। উল্লেখ্য, এই ধরণের প্রথম সম্মেলন ২০২৩ সালে গুজরাতে আয়োজন করা হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

খড়গপুর IIT এবং দুর্গাপুর NIT-তে চলছে স্মার্ট ইন্ডিয়া হ্যাকাথন ২০২৫-প্রতিযোগিতা। দেশে বিভিন্ন ক্ষেত্রে উদ্ভূত নানা সমস্যার দেশেই সমাধানের লক্ষ্যে একাধিক দলের প্রতিযোগীরা প্রয়াস চালাচ্ছেন। সারা দেশব্যাপী হ্যাকাথনের এটি অষ্টম সংস্করণ। খড়গপুরে এই প্রতিযোগিতার হার্ডওয়ার সংস্করণ ১২-ই ডিসেম্বর পর্যন্ত চলবে।

দুর্গাপুর এন আই টি-তে সফটওয়ার সংস্করণের ফল আজ রাত আটটায় ঘোষিত হবে। ভার্চুয়ালি সেখনে উপস্থিত থাকতে পারেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

এদিকে, রাজ্যের সব কেন্দ্রীয় বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের নিয়ে খড়গপুর কেন্দ্রীয় বিদ্যালয়(১)-এ শুরু হয়েছে দু'দিন ৫৩তম রাজ্যস্তরীয় বাল বৈজ্ঞানিক প্রদর্শনী। এবছর প্রদর্শনীর মূল ভাবনা STEM for Viksit & Atmarirbhar Bharat।

০০০০০০০০০০০০০০০০০০০০০

সৰ্বনিম্ন তাপমাত্রা স্বাভাবিকের নিচে থাকায় রাজ্যজুড়ে এখন শীতের আমেজ। দক্ষিণবঙ্গের প্রায় সব জেলাতেই আজ সৰ্বনিম্ন তাপমাত্রা স্বাভাবিকের নিচে রয়েছে। উত্তরবঙ্গের চিত্রও কিছুটা একই। আগামী এক সপ্তাহে তাপমাত্রার বিশেষ হেরফের হবে না বলে আলিপুর আবহাওয়া দণ্ডর জানিয়েছে। আলিপুরে সৰ্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ১৫ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস স্বাভাবিকের চেয়ে প্রায় দেড় ডিগ্রি কম। সর্বোচ্চ তাপমাত্রাও ছিল ২৫ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে যা আড়াই ডিগ্রি কম।

দক্ষিণবঙ্গে আজ সব থেকে কম সৰ্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় কল্যাণীতে ১১ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের চেয়ে ৩ ডিগ্রি কম। উত্তরবঙ্গের কোচবিহারে আজ ন্যূনতম তাপমাত্রা রেকর্ড করা হয় ১০ দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াস, এছাড়া দার্জিলিং পাহাড়ি এলাকায় তাপমাত্রা ছিল ৪ দশমিক ৮ ডিগ্রি সেলসিয়াস। উত্তরবঙ্গের জলপাইগুড়ি, দার্জিলিং, কালিম্পং এবং আলিপুরদুয়ার জেলায় আগামী ২ দিন সকালবেলায় হালকা থেকে মাঝারি কুয়াশা থাকার সম্ভাবনা রয়েছে বলে আলিপুর আবহাওয়া দণ্ডর জানিয়েছে।

০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০